ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
ইসলামিক ফাউন্ডেশন
প্রকল্প পরিচালকের কার্যালয়
নৈতিকতা ও ধর্মীয় মূল্যবোধ উন্নয়নে
মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম (৮ম পর্যায়) প্রকল্প
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং- ১৬.০১.০০০০.০২৫.১৯.২৩২.২৫.৬৯৫ তারিখ: ১৪/১২/২০২৫খ্রি

# নিয়োগ বিজ্ঞপ্তি

"নৈতিকতা ও ধর্মীয় মূল্যবোধ উন্নয়নে মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম (৮ম পর্যায়)" শীর্ষক প্রকল্পের মডেল/সাধারণ রিসোর্স সেন্টারের কেয়ারটেকারের শূন্য পদে মডেল/সাধারণ কেয়ারটেকার এবং কেন্দ্র-শিক্ষকের শূন্য পদে শিক্ষা কেন্দ্র ও শিক্ষক বাছাই বিজ্ঞপ্তি

ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়নাধীন নৈতিকতা 'নৈতিকতা ও ধর্মীয় মূল্যবোধ উন্নয়নে মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম (৮ম পর্যায়)" শীর্ষক প্রকল্পের আওতায় ৬৪টি জেলায় সম্মানীর ভিত্তিতে সম্পূর্ণ অস্থায়ীভাবে জেলা/উপজেলা/ইউনিয়ন/ওয়ার্ড পর্যায়ে মডেল/সাধারণ রিসোর্স সেন্টারের কেয়ারটেকারের শূন্য পদে কেয়ারটেকার এবং প্রাক-প্রাথমিক/সহজ কুরআন শিক্ষা ও বয়স্ক কুরআন শিক্ষা কেন্দ্রের শিক্ষকের শূন্য পদে শিক্ষক হতে আগ্রহী প্রার্থীদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

কেন্দ্র-শিক্ষক পদে আবেদনের শর্তাবলী:

১। ইসলামিক ফাউন্ডেশনের বিভাগীয়/জেলা কার্যালয় হতে কেন্দ্র-শিক্ষকের শূন্য পদের সংখ্যা ইত্যাদি বিষয় জানা যাবে। কোন উপজেলায় কেন্দ্র-শিক্ষকের শূন্য পদ না থাকলে আবেদন করার প্রয়োজন নাই।
২। প্রাক-প্রাথমিক শিক্ষা কেন্দ্রের শিক্ষক পদে আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা কমপক্ষে ২য় শ্রেণির এস.এস.সি./দাখিল/কওমী মাদ্রাসার ২য় শ্রেণির শরহে বেকায়া/সমমানের পাস হতে হবে।
৩। সহজ কুরআন শিক্ষা/বয়স্ক কুরআন শিক্ষা কেন্দ্রের শিক্ষক পদে আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা কমপক্ষে ২য় শ্রেণির দাখিল/শরহে বেকায়া/সমমানের পাস হতে হবে। তবে সাধারণ শিক্ষায় শিক্ষিত হাফেজ/কারিয়ানা পাস প্রার্থী শিক্ষাগত যোগ্যতা থাকা সাপেক্ষে আবেদন করতে পারবে।
৪। কেন্দ্র-শিক্ষক পদে আবেদনকারীকে পবিত্র কুরআন শরীফ শুদ্ধভাবে পাঠ এবং শিক্ষার্থীদের পাঠদানে দক্ষতা থাকতে হবে।
৫। কেন্দ্র-শিক্ষক পদে আবেদনকারীর বয়স ১৮-৬০ বছরের মধ্যে হতে হবে।
৬। সরকারি/সরকারি অনুদানপুষ্ট কোন প্রতিষ্ঠানে আংশিক/পূর্ণভাবে চাকুরিতে নিয়োজিত ব্যক্তি শিক্ষক পদে আবেদন করতে পারবেন না।
৭। আবেদনপত্রে আবেদনকারীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, শিক্ষাগত যোগ্যতা, বয়স, জন্ম তারিখ, জাতীয়তা, ধর্ম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, অভিজ্ঞতা, শিক্ষা কেন্দ্রের নাম, ঠিকানা ও মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
৮। আবেদনকারীকে আবেদনপত্রের সাথে বোর্ড/বিশ্ববিদ্যালয়/কওমী মাদ্রাসা বোর্ড কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠানের শিক্ষাগত যোগ্যতার সনদ/সরকার স্বীকৃত শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি, ২ কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি এবং জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।
৯। আবেদনকারী যে কেন্দ্রের শিক্ষক হতে ইচ্ছুক সেই কেন্দ্রের নাম এবং শিক্ষার্থীদের তালিকা আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। প্রাক-প্রাথমিক কেন্দ্রের জন্য ৪ হতে ৫+ বছর, বয়সের ৩০ জন শিক্ষার্থী এবং সহজ কুরআন শিক্ষা কেন্দ্রের জন্য ৬ হতে ১২ বছর বয়সের ৩৫ জন এবং বয়স্ক কুরআন শিক্ষা কেন্দ্রের জন্য ১৩ বছর বা তদূর্ধ্ব বয়সের ২৫ জন শিক্ষার্থীর তালিকা দিতে হবে।
১০। আবেদনপত্রের নমুনা, কপি ইসলামিক ফাউন্ডেশনের ওয়েবসাইটে (www.islamicfoundation.gov.bd) পাওয়া যাবে।
১১। প্রার্থীকে ব্যক্তিজীবনে বিশেষ করে পোষাক-পরিচ্ছদ, চেহারা-সুরতে ইসলামের বাস্তব অনুসারী হতে হবে।
১২। কেন্দ্র-শিক্ষকের মাসিক সম্মানী ৬০০০/-(ছয় হাজার) টাকা এবং তিনি বছরে মাসিক সম্মানীর সমপরিমাণ ২টি ইনসেনটিভ প্রাপ্য হবেন।
১৩। শিক্ষকতায় অভিজ্ঞ, মসজিদের ইমাম, মুয়াজ্জিন এবং ইমাম প্রশিক্ষণ একাডেমি হতে প্রশিক্ষণ প্রাপ্ত ইমাম অগ্রাধিকার পাবেন।
১৪। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

মডেল/সাধারণ কেয়ারটেকার পদে আবেদনের শর্তাবলী:

১। ইসলামিক ফাউন্ডেশনের বিভাগীয়/জেলা কার্যালয় হতে মডেল ও সাধারণ রিসোর্স সেন্টারের কেয়ারটেকারের শূন্য পদের সংখ্যা ইত্যাদি বিষয় জানা যাবে। কোন উপজেলায় মডেল/সাধারণ কেয়ারটেকার পদ শূন্য না থাকলে আবেদন করার প্রয়োজন নাই।
২। মডেল কেয়ারটেকার পদে আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা কমপক্ষে ২য় শ্রেণির ফাজিল/স্নাতক/কওমী মাদ্রাসার মিশকাত/জালালাইন পাস হতে হবে এবং সাধারণ কেয়ারটেকার পদে আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা কমপক্ষে ২য় শ্রেণির এইচএসসি/আলিম/কওমী মাদ্রাসার শরহে বেকায়া পাস হতে হবে। উচ্চ শিক্ষিত ও অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীরা অগ্রাধিকার পাবেন।
৩। মডেল/সাধারণ কেয়ারটেকার পদে আবেদনকারীর বয়স ১৮-৪০ বছরের মধ্যে হতে হবে।
৪। সরকারি/সরকারি অনুদানপুষ্ট কোন প্রতিষ্ঠানে আংশিক/পূর্ণভাবে চাকুরিতে নিয়োজিত ব্যক্তি কেয়ারটেকার পদে আবেদন করতে পারবে না।
৫। আবেদনপত্রে আবেদনকারীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, শিক্ষাগত যোগ্যতা, বয়স, জন্ম তারিখ, জাতীয়তা, ধর্ম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, অভিজ্ঞতা, রিসোর্স সেন্টার এলাকার নাম, ঠিকানা ও মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
৬। মডেল কেয়ারটেকারের মাসিক সম্মানী ১০,৫০০/-(দশ হাজার পাঁচশত) টাকা এবং সাধারণ কেয়ারটেকারের মাসিক সম্মানী ৮,৫০০/-(আট হাজার পাঁচশত) টাকা এবং তিনি বছরে মাসিক সম্মানীর সমপরিমাণ ২টি ইনসেনটিভ প্রাপ্য হবেন।
৭। আবেদনকারীকে আবেদনপত্রের সাথে বোর্ড/বিশ্ববিদ্যালয়/কওমী মাদ্রাসার বোর্ড কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠানের শিক্ষাগত যোগ্যতার সনদ/ সরকার স্বীকৃত শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি, ২ কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, ইউপি চেয়ারম্যান/সিটি কর্পোরেশন/পৌরসভার ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি এবং জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।
৮। মডেল/সাধারণ কেয়ারটেকার পদে আবেদনকারীকে বাইসাইকেল/মোটরসাইকেল চালনার দক্ষতা থাকতে হবে এবং কম্পিউটারে পারদর্শী হতে হবে।
৯। সাধারণ কেয়ারটেকার পদে আবেদনকারী প্রার্থী সাধারণ কেয়ারটেকার হিসেবে নির্বাচিত হলে নিজ দায়িত্বে/স্থানীয় ব্যক্তিদের সহায়তায় সরকারি কোন স্থাপনায়/মসজিদ সংলগ্ন স্থানে/উপযুক্ত কোন স্থানে সাধারণ রিসোর্স সেন্টার পরিচালনার জন্য বিনা ভাড়ার ঘরের ব্যবস্থা করতে হবে।
১০। আবেদনকারীর বাসস্থান মডেল/সাধারণ রিসোর্স সেন্টারের ২(দুই) কিলোমিটারের মধ্যে হতে হবে।
১১। মসজিদের ইমাম, মুয়াজ্জিন, ইমাম প্রশিক্ষণ একাডেমি থেকে প্রশিক্ষণপ্রাপ্ত ইমাম অগ্রাধিকার পাবেন।
১২। প্রার্থীকে ব্যক্তিজীবনে বিশেষ করে পোষাক-পরিচ্ছদ, চেহারা-সুরতে ইসলামের বাস্তব অনুসারী হতে হবে।

আগামী ২৮/১২/২০২৫ খ্রি. তারিখ অফিস চলাকালীন নিজ নিজ জেলার ইসলামিক ফাউন্ডেশনের বিভাগীয়/জেলা কার্যালয়ের পরিচালক/উপ-পরিচালক বরাবর তাঁর কার্যালয় অথবা এ প্রকল্পের উপজেলা/জোনের মডেল রিসোর্স সেন্টারে পদের নাম উল্লেখপূর্বক আবেদনপত্র জমা দিতে হবে। প্রকল্প প্রধান কার্যালয়ে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। শিক্ষক ও কেয়ারটেকারদের এ নিয়োগ শুধু প্রকল্প মেয়াদের জন্য। প্রকল্পের মেয়াদ শেষে নির্বাচন/নিয়োগ স্বয়ংক্রিয়ভাবে বাতিল হবে এবং নিয়োগ পত্রই অব্যাহতি পত্র হিসেবে গণ্য হবে।

১৪.১২.২০২৫
(এস, এম, তরিকুল ইসলাম (বিপিএএ)
প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)
ফোন:০২-২২২২১৮২৮৮

জি-১৫৯৮/২৫ (১৫ x ৪)